গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
ক্রীড়া-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-৩৪.০০.০০০০.০৭১.৯৯.০২০.২০- ৩০৯ তারিখঃ২৫ জুলাই ২০২১ খ্রি./ ১২ শ্রাবণ১৪২৮ ব.

বিষয়ঃ 'ক' শ্রেণীভূক্ত দিবস হিসেবে ০৫ আগষ্ট, ২০২১ খ্রি. তারিখে "শহীদ ক্যাপ্টেন শেখ কামালের জন্মবার্ষিকী" যথাযোগ্য মর্যাদায় উদযাপন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ বিভাগের ০৬ সেপ্টেম্বর, ২০২০ খ্রি. তারিখের ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.২০.৪৮৫ নং পরিপত্র অনুযায়ী আগামী ০৫ আগষ্ট, ২০২১ খ্রি. তারিখে "শহীদ ক্যাপ্টেন শেখ কামালের জন্মবার্ষিকী" 'ক' শ্রেণীভূক্ত দিবস হিসেবে দেশব্যাপী যথাযোগ্য মর্যাদায় উদযাপনের সিদ্ধান্ত গৃহিত হয়েছে। এ বিষয়ে গত ০৬-০৭-২০২১খ্রি. তারিখে এ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভায় "শহীদ ক্যাপ্টেন শেখ কামালের জন্মবার্ষিকী" যথাযোগ্য মর্যাদায় উদযাপনের নিমিত্ত একটি জাতীয় কর্মসূচি প্রণয়ন করা হয়েছে। এতদসংগে ০৬-০৭-২০২১খ্রি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী ও জাতীয় কর্মসূচি প্রেরণ করা হলো।

০২। এমতাবস্থায়, "শহীদ ক্যাপ্টেন শেখ কামাল-এর জন্মবার্ষিকী" 'ক' শ্রেণীভূক্ত দিবস হিসেবে যথাযোগ্য মর্যাদায় উদযাপনের নিমিত্ত জাতীয় কর্মসূচি বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ।

২৫/৭/২০২১

মোঃ জাহাঙ্গীর হাওলাদার
সহকারী সচিব
ফোনঃ ০২-৯৫৭৫৫১০।

বিতরণঃ কার্যার্থেঃ

০১। বিভাগীয় কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, রংপুর ও ময়মনসিংহ।
০২। জেলা প্রশাসক (সকল)..........................................................................।
০৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল)..........................................................।
০৪। সাধারণ সম্পাদক, বিভাগীয় ক্রীড়া সংস্থা/জেলা ক্রীড়া সংস্থা (সকল)...............................।

অনুলিপিঃ

০১। সিনিয়র সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
০৩। সহকারী প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণাল, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০২। অতিরিক্ত সচিব (ক্রীড়া) এর ব্যক্তিগত সহকারী, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
ক্রীড়া-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা

বিষয় : ০৫ আগস্ট, ২০২১ তারিখে স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল-এর ৭২তম জন্মবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপন সংক্রান্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী ।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | **জনাব মোঃ জাহিদ আহসান রাসেল, এমপি**<br>মাননীয় প্রতিমন্ত্রী<br>যুব ও ক্রীড়া মন্ত্রণালয় |
| সভার তারিখ | : | ০৬ জুলাই, ২০২১ খ্রি. |
| স্থান | : | ভার্চুয়াল প্লাটফর্ম |
| উপস্থিতি | : | উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকা (পরিশিষ্ট- 'ক') |

০২। সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। প্রথমেই তিনি স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি বিনম্র শ্রদ্ধা নিবেদন করেন। তিনি বঙ্গবন্ধুর জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল-এর স্মৃতির প্রতিও গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেন। অত:পর তিনি উল্লেখ করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগের ০৬ সেপ্টেম্বর ২০২০ তারিখের ০৪.০০.০০০০.৪১৬.২৩.০০১.২০.৪৮৫ নং পরিপত্র অনুযায়ী আগামী ০৫ আগস্ট, ২০২১ তারিখে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জ্যেষ্ঠ পুত্র বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল-এর ৭২তম জন্মবার্ষিকী 'ক' শ্রেণিভুক্ত দিবস হিসেবে যথাযোগ্য মর্যাদায় দেশব্যাপী উদযাপন করা হবে। সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয় জানান যে, এ দিবসে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রথমবারের মত 'শেখ কামাল জাতীয় ক্রীড়া পরিষদ পুরস্কার' প্রদান করবেন মর্মে আশা করা যায়। এ দিবসটি সফলভাবে আয়োজনের বিষয়ে তিনি সকলকে মতামত ও প্রস্তাব প্রদানের জন্য আহবান জানান। অতিরিক্ত সচিব (ক্রীড়া) কর্তৃক এ বিষয়ে একটি খসড়া কর্মসূচি সভায় উপস্থাপন করা হলে এর উপর বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে শহীদ ক্যাপ্টেন শেখ কামাল-এর জন্মবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে (চলমান কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় নিয়ে) নিম্নেবর্ণিত কর্মসূচি পালন করার সিদ্ধান্ত গৃহীত হয়:

০৩। ০৫ আগস্ট, ২০২১ তারিখে শহীদ ক্যাপ্টেন শেখ কামাল-এর জন্মবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচী :

| | তারিখ ও বার | সময় | কর্মসূচি | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১. | ০৫ আগস্ট ২০২১ বৃহস্পতিবার | সকাল ০৯:০০ টা | ধানমন্ডিস্থ আবাহনী মাঠে শহীদ ক্যাপ্টেন শেখ কামালের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়/জাতীয় ক্রীড়া পরিষদ/ক্রীড়া পরিদপ্তর/ বিকেএসপি/ বিকেকেএফ/যুব উন্নয়ন অধিদপ্তর/শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইন্সটিটিউট |
| | ঐ | সকাল ১০:০০ টা | বনানীস্থ শহীদ ক্যাপ্টেন শেখ কামালের কবরস্থানে পুষ্পস্তবক অর্পণ। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়/জাতীয় ক্রীড়া পরিষদ/ক্রীড়া পরিদপ্তর/বিকেএসপি/ বিকেকেএফ/যুব উন্নয়নঅধিদপ্তর/শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইন্সটিটিউট |

(অঃ পৃঃ দ্রঃ)

| | | | | |
|---|---|---|---|---|
| | ঐ | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ে | শহীদ ক্যাপ্টেন শেখ কামালের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ। | জেলা প্রশাসক (সকল)/ উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল) সকল জাতীয় ক্রীড়া ফেডারেশন, বোর্ড, এসোসিয়েশন, সংস্থা/ সকল বিভাগীয় ও জেলা ক্রীড়া সংস্থা |
| ০২. | ঐ | মাননীয় প্রধানমন্ত্রীর সময় অনুযায়ী | 'শেখ কামাল জাতীয় ক্রীড়া পরিষদ পুরস্কার' প্রদান, স্মৃতিচারণ/আলোচনা সভা (ভার্চুয়ালি)। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়/ জাতীয় ক্রীড়া পরিষদ |
| ০৩. | ঐ | মাননীয় প্রধানমন্ত্রীর সময় অনুযায়ী | শহীদ ক্যাপ্টেন শেখ কামালকে নিয়ে স্মারক ডাক টিকেট প্রকাশ/অবমুক্তকরণ (সরাসরি/ভার্চুয়ালি)। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়/ ডাক ও টেলিযোগাযোগ বিভাগ/ বাংলাদেশ ডাক অধিদপ্তর |
| ০৪. | ঐ | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ে | শহীদ ক্যাপ্টেন শেখ কামালকে নিয়ে আলোচনা সভা ও স্মৃতিচারণ অনুষ্ঠান (সরাসরি/ভার্চুয়ালি)। | বিকেএসপি/ক্রীড়া পরিদপ্তর/ বিকেকেএফ/যুব উন্নয়নঅধিদপ্তর/শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইন্সটিটিউট জেলা প্রশাসক (সকল)/ উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল) সকল জাতীয় ক্রীড়া ফেডারেশন, বোর্ড, এসোসিয়েশন, সংস্থা/ সকল বিভাগীয় ও জেলা ক্রীড়া সংস্থা |
| ০৫. | ঐ | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ে | শহীদ ক্যাপ্টেন শেখ কামালকে নিয়ে ডকুমেন্টারী ও এলবাম প্রকাশ | জাতীয় ক্রীড়া পরিষদ |
| ০৬. | ঐ | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ে | শহীদ ক্যাপ্টেন শেখ কামাল-এর রূহের মাগফেরাত কামনা করে কোরআন খতম/ দোয়া মাহফিল (সরাসরি/ভার্চুয়ালি)। | বিকেএসপি/ ক্রীড়া পরিদপ্তর/ বিকেকেএফ/যুব উন্নয়ন অধিদপ্তর/শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইন্সটিটিউট জেলা প্রশাসক (সকল)/ উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল) সকল জাতীয় ক্রীড়া ফেডারেশন, বোর্ড, এসোসিয়েশন, সংস্থা/ সকল বিভাগীয় ও জেলা ক্রীড়া সংস্থা |
| ০৭. | ঐ | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ে | প্রদর্শনী ম্যাচের আয়োজন (ফুটবল, ক্রিকেট, বাস্কেটবল, হকি, দাবা, শুটিং ও অন্যান্য)/ (সরাসরি/অনলাইনে)। (সরকারি নির্দেশাবলী/স্বাস্থ্য বিধি অনুসরণ করে যদি সম্ভব হয়) | সকল ফেডারেশন/বোর্ড, এসোসিয়েশন, সংস্থা/ সকল বিভাগীয় ও জেলা ক্রীড়া সংস্থা |

(অঃ পৃঃ দ্রঃ)

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮. | ঐ | বিকেএসপি -এর নির্ধারিত সময়ে | শহীদ ক্যাপ্টেন শেখ কামালকে নিয়ে ছাত্রছাত্রী/প্রশিক্ষণার্থীদের অনলাইনে চিত্রাঙ্কন প্রতিযোগিতা। | বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান |
| ০৯. | ঐ | বিকেএসপি -এর নির্ধারিত সময়ে | শহীদ ক্যাপ্টেন শেখ কামালকে নিয়ে ছাত্রছাত্রী/প্রশিক্ষণার্থীদের অনলাইনে রচনা/প্রবন্ধ প্রতিযোগিতা। | বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান |
| ১০. | ঐ | বিকাল ০৩:০০টা | যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক দেশব্যাপী চারা গাছ বিতরণ কার্যক্রমের উদ্বোধন। | যুব উন্নয়ন অধিদপ্তর/ জেলা প্রশাসক (সকল) |
| ১১. | আগস্ট ২০২১ মাসব্যাপী | - | শহীদ ক্যাপ্টেন শেখ কামাল-এর জন্মবার্ষিকী উদ্‌যাপন বিষয়ক একটি দৃষ্টিনন্দন ব্যানার সকল দপ্তর, সংস্থা, জাতীয় ক্রীড়া ফেডারেশন, বোর্ড, এসোসিয়েশন, সংস্থা/সকল বিভাগীয় ও জেলা ক্রীড়া সংস্থার অফিসের সামনে/গেটে/গুরুত্বপূর্ন স্থানে প্রদর্শন। | যুব ও ক্রীড়া মন্ত্রণালয়/জাতীয় ক্রীড়া পরিষদ/ক্রীড়া পরিদপ্তর/বিকেএসপি/ বিকেকেএফ/যুব উন্নয়ন অধিদপ্তর/শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইন্সটিটিউট/ জেলা প্রশাসক (সকল)/ উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল) সকল জাতীয় ক্রীড়া ফেডারেশন, বোর্ড, এসোসিয়েশন, সংস্থা/ সকল বিভাগীয় ও জেলা ক্রীড়া সংস্থা |
| ১২. | ০৫ আগষ্ট ২০২১ | - | ঢাকা মহানগরীর গুরূত্বপূর্ন স্থানে ফেস্টুন প্রদর্শন। | জাতীয় ক্রীড়া পরিষদ |
| ১৩. | ০৫ আগষ্ট ২০২১ | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত সময়ে | এ দিবসের সাথে সংগতি রেখে জেলা ও উপজেলা পর্যায়ে স্ব স্ব কর্মসূচী পালন। | জেলা প্রশাসক (সকল)/ উপজেলা নির্বাহী কর্মকর্তা (সকল) |

০৪। এ কার্যবিবরণীর ৩নং অনুচ্ছেদে বর্ণিত কর্মসূচিসমূহ সর্বাধিক গুরূত্বের সাথে বিবেচনায় নিয়ে যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য সভাপতি সকলকে অনুরোধ জানান।

০৫। পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
০৭/০৭/২০২১
মোঃ জাহিদ আহসান রাসেল, এমপি
প্রতিমন্ত্রী

(অঃ পৃঃ দ্রঃ)

নথি নং- ৩৪.০০.০০০০.০৭১.৯৯.০২০.২০-২৯৪ তারিখঃ ০৮-০৭-২০২১ খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা।
০৩। সচিব/সিনিয়র সচিব (সকল), ……………………………………………, ঢাকা।
০৪। অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
০৫। বিভাগীয় কমিশনার (সকল),………………………………………………………………।
০৬। মহা-পরিচালক, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
০৭। মহা-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
০৮। সচিব, জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
০৯। মহা-পরিচালক, ডাক অধিদপ্তর, ঢাকা
১০। মহা-পরিচালক, বিকেএসপি, সাভার, ঢাকা।
১১। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, ঢাকা।
১২। সচিব, বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন, ঢাকা।
১৩। যুগ্ম-সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১৪। পরিচালক (সকল), জাতীয় ক্রীড়া পরিষদ, ঢাকা।
১৫। জেলা প্রশাসক (সকল)…………………………………………………………………।
১৬। উপ-সচিব (সকল),যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১৭। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১৯। উপজেলা নির্বাহী অফিসার (সকল)…………………………………………………………।
২০। সাধারণ সম্পাদক (সকল)……………………………………………………………………।
২১। সাধারণ সম্পাদক (সকল), বিভাগীয় ক্রীড়া সংস্থা/বিভাগীয় মহিলা ক্রীড়া সংস্থা……………………।
২২। সাধারণ সম্পাদক (সকল), জেলা ক্রীড়া সংস্থা/জেলা মহিলা ক্রীড়া সংস্থা…………………………।
২৩। সাধারণ সম্পাদক (সকল), উপজেলা ক্রীড়া সংস্থা……………………………………………।
২৪। সহকারী প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৮/০৭/২০২১

মোঃ জাহাঙ্গীর হাওলাদার
সহকারী সচিব
টেলিঃ ০২-৯৫৭৫৫১০।